ইংল্যান্ড টেস্টে অধিনায়ক হচ্ছেন বুমরাহ

ইংল্যান্ড সফরে গিয়ে ভারত দলের স্বাস্থ্যগত পরিস্থিতি ভেঙে পড়েছে। একের পর এক করোনা আক্রান্তের খবর আসছে।

আবার করোনা পরীক্ষায় পজিটিভ শনাক্ত হয়েছেন ভারতের অধিনায়ক রোহিত শর্মা। যে কারণে ইংল্যান্ডের বিপক্ষে শুক্রবারের টেস্ট ম্যাচটিতে তার খেলা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। রোহিত শর্মা খেলতে না পারলে তার জায়গায় দলকে নেতৃত্ব দেবেন ডানহাতি পেসার জাসপ্রিত বুমরাহ।

আর রোহিত অনুপস্থিত থাকলে তার জায়গায় খেলবেন মায়াঙ্ক আগরওয়াল। সোমবার মায়াঙ্ক আগরওয়ালকে বার্মিংহ্যাম উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছে।

গত সপ্তাহে লেস্টারশায়ারের বিপক্ষে প্রস্তুতি ম্যাচ চলাকালীন করোনায় আক্রান্ত হন রোহিত। দ্বিতীয় ইনিংসে না খেলে আইসোলেশনে চলে যান।

বুধবার করা দ্বিতীয়বার পরীক্ষায়ও ফল নেগেটিভ আসেনি তার। ম্যাচের আগের দিনও রোহিতের সুস্থ হওয়ার অপেক্ষায় ভারতীয় ক্রিকেট দল।

বৃহস্পতিবার আবারও রোহিতের পরীক্ষা করা হবে। এর পর রয়েছে ফিটনেস টেস্ট। সেখানে উৎরে গেলে তার অধীনেই টেস্ট ম্যাচটি খেলবে ভারত।

অন্যথায় এজবাস্টনে ভারত দলকে নেতৃত্ব দিতে দেখা যাবে পেসার জাসপ্রিত বুমরাহকে।

এমনটি হলে ৩৫ বছর পর পেসারের অধীনে টেস্ট খেলবে ভারত। সবশেষ ১৯৮৭ সালে পেসার কপিল দেবের নেতৃত্বে টেস্ট খেলেছে ভারত।

প্রসঙ্গত, করোনার কারণে গত বছরের সেপ্টেম্বরে ইংল্যান্ডের বিপক্ষে একেবারে শেষ মুহূর্তে ম্যানচেস্টার টেস্ট বাতিল হয়ে যায়। ৫ ম্যাচের টেস্ট সিরিজে ২-১ ব্যবধানে এগিয়ে ছিল ভারত। বাতিল হওয়া ম্যানচেস্টার টেস্ট ১ জুলাই শুরু হবে বার্মিংহ্যামের এজবাস্টন ক্রিকেট গ্রাউন্ডে।

তথ্যসূত্র: জিনিউজ, হিন্দুস্তান টাইমস

রাসেল-হেটমায়ারদের ছাড়াই বাংলাদেশের বিপক্ষে উইন্ডিজের দল ঘোষণা

বাংলাদেশের বিপক্ষে আগামী ২ জুলাই শুরু হচ্ছে ওয়েস্ট ইন্ডিজের টি-টোয়েন্টি সিরিজ। বিশ্বকাপের কথা মাথায় রাখলেও এই সিরিজে আন্দ্রে রাসেল ও শিমরন হেটমায়ারকে দলে রাখেনি উইন্ডিজ।

মঙ্গলবার রাতে বাংলাদেশের বিপক্ষে আসন্ন সিরিজের দল দিয়েছে ক্যারিবীয় ক্রিকেট বোর্ড। দলটির সহ-অধিনায়ক হিসেবে রাখা হয়েছে রভম্যান পাওয়েলকে। ফিরেছেন ডেভন থমাস, আর অলরাউন্ডার কিমো পল। চোট কাটিয়ে ওবেদ ম্যাকয় ফিরেছেন এই দলে। টেস্ট দলে থাকা গুদাকেশ মোতি আছেন ওয়ানডে স্কোয়াডে।

আগামী শনিবার শুরু হবে টি-টোয়েন্টির লড়াই। পর দিনই দ্বিতীয় ম্যাচে মুখোমুখি হবে দুদল। এই দুই ম্যাচ হবে ডমিনিকায়। এর পর ৭ জুলাই গায়ানায় সিরিজের শেষ টি-টোয়েন্টিতে মাঠে নামবে বাংলাদেশ ও উইন্ডিজ।

সেই গায়ানাতেই ওয়ানডে সিরিজের লড়াইয়ে নামবে দুই দল। ১০, ১৩ ও ১৬ জুলাই হবে ওয়ানডে সিরিজের সব ম্যাচ।

টি-টোয়েন্টি স্কোয়াড:
নিকলাস পুরান (অধিনায়ক), রভম্যান পাওয়েল, শামরাহ ব্রুকস, আকিল হোসাইন, আলজারি জোসেফ, ব্রেন্ডন কিং, কাইল মায়ার্স, ওবেদ ম্যাকয়, কিমো পল, রোমারিও শেফার্ড, ওডিন স্মিথ, ডেভন থমাস এবং হেইডেন ওয়ালশ জুনিয়র।

ওয়ানডে স্কোয়াড:
নিকলাস পুরান, শাই হোপ, শামরাহ ব্রুকস, কেচি কার্টি, আকিল হোসাইন, আলজারি জোসেফ, ব্রেন্ডন কিং, কাইল মায়ার্স, গুদাকেস মোতি, কিমো পল, অ্যান্ডারসন ফিলিপ, রভম্যান পাওয়েল, জেইডেন সিলস।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]: [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

যদি বলি, শেষবার যখন গিয়েছি ২০১৮-তে, তার চেয়ে এবারের পারফরম্যান্স ভালো। অবশ্যই এটা আমার কাছে একটা উন্নতি।

মুজিবনগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ টুর্নামেন্ট শেষে পুরস্কার বিতরণ

মুজিবনগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে নয়টার সময় মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে,, উপজেলা পরিষদ মাঠে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায়, মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মোঃ মেহেদী রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ রফিকুল ইসলাম মোল্লা, শিক্ষা অফিসার আলাউদ্দীন, সহকারী শিক্ষা অফিসার এহসান হাবীব, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির মুজিবনগর শাখার সভাপতি আমিনুর রহমান, সহসভাপতি আমিরুল ইসলাম, সাধারন সম্পাদক আলমগীর হোসেন মাসুম প্রমুখ।

দিন ব্যাপি খেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ খেলায় যতারপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ৩-১ গোলে বাগোয়ান সরকারী প্রাথমিক

বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বঙ্গমাতা বেগম ফজিলাতুনেচ্ছা মুজিব গোল্ডকাপ খেলায় ভবানীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ২-০ গোলে গৌরীনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

টুর্নামেন্ট শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মাঝে ট্রফি তুলে দেন এবং টুর্নামেন্টের খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।

খেলা অনুষ্ঠানের সার্বিক সঞ্চালনায় ছিলেন প্রধান শিক্ষক শিরিনা খাতুন, বখতিয়ার হোসেন ও সহকারী শিক্ষক ফারুক হোসেন।

ওরা আমাদের শাস্তি দিচ্ছে – ডমিঙ্গো

২০২১ সালে চট্টগ্রাম টেস্টে অভিষেক ঘটে কাইল মায়ার্সের। ওই টেস্টে দারুণ দ্বিশতক হাঁকিয়ে ওয়েস্ট ইন্ডিজকে অবিশ্বাস্য জয়ের পথে এগিয়ে নেন তিনি।

এর পর ২১ ইনিংসে অমন ব্যাটিং দেখাতে পারেননি মায়ার্স। শতক পাননি। সেন্ট লুসিয়া টেস্টে সেই চট্টগ্রামের মায়ার্স জেগে উঠলেন। ১৫ বাউন্ডারি আর ৩ ছক্কায় তার ১৮০ বলে ১২৬ রানের ইনিংসে ভর করে ১০৬ রানের লিড নিয়েছে ওয়েস্ট ইন্ডিজ।

কাল লিড বাড়িয়ে নিতে ফের ব্যাট হাতে নামবেন মায়ার্স। চট্টগ্রামে মায়ার্স যা করেছিলেন এবং সেন্ট লুসিয়ায় যা করলেন— এমন কিছু নিজের শিষ্যদের থেকে চাচ্ছেন বাংলাদেশ দলের প্রধান কোচ রাসেল ডমিঙ্গো ।

ডমিঙ্গো বলেন, ওয়েস্ট ইন্ডিজ বাংলাদেশকে শাস্তি দিচ্ছে।

দ্বিতীয় দিনের খেলা শেষে সংবাদ সম্মেলনে ডমিঙ্গো নিজেই বলেন, ‘ব্যাটিং ও বোলিং (বাংলাদেশ) নিয়ে কঠিন প্রশ্ন তোলার আছে। কারণ এটা ২৩০-এর উইকেট না। ওয়েস্ট ইন্ডিজ আমাদের দেখিয়ে দিচ্ছে কেন

ওরা এই সংস্করণে আমাদের চেয়ে ভালো দল। ওদের একজন ১০০ রানে অপরাজিত আছে। ওদের সামনে বড় রান করার সুযোগ আছে। কারণ ওরা জুটি গড়তে সক্ষম হয়েছে, লম্বা সময় ব্যাটিং করেছে। ওরাই দেখাচ্ছে আমাদের কী করা উচিত।’

মায়ার্সের ইনিংসের বিষয়ে ডমিঙ্গো বলেন, সে ইতিবাচক ব্যাটিং করেছে। কাভারে অনেক রান করেছে সে। নিজের ব্যাটিং পরিকল্পনা অনুযায়ী যতক্ষণ পেরেছে খেলেছে। ওরা (উইন্ডিজ) আমাদের বিপক্ষে ৩৯৪ রান তাড়া করেছিল চট্টগ্রামে। মায়ার্স ২১০* রান করেছিল সেদিন। আমরা এ ধরনের ইনিংস পাচ্ছি না। ছেলেদের জন্য এটা অনেক বড় শিক্ষা। টেস্ট ম্যাচ ক্রিকেট কঠিন। যখন আপনি যতটা দীর্ঘ সময় ব্যাট করা উচিত, ততটা করছেন না, তখন ভালো দল আপনাকে শাস্তি দেবে। এখন ওরা আমাদের শাস্তিই দিচ্ছে।’

বাংলাদেশকে অলআউট করে ওয়েস্ট ইন্ডিজের মারকুটে ব্যাটিং

শুরুটা ভালো হলেও সেন্ট লুসিয়ার সেই অ্যান্টিগা টেস্টের পুনরাবৃত্তি দেখা গেল।

দ্বিতীয় সেশনেই পথ হারিয়ে ফেলেন সফরকারীরা। মাত্র ৩৩ রানের ব্যবধানে এনামুল, নাজমুল হোসেন, সাকিব আল হাসান ও নুরুল হাসানের উইকেট হারিয়ে পুরনো রূপ ধারণ করে।

তবে এবার ১০০ রানের মধ্যে গুটিয়ে যাননি সফরকারীরা। ওপেনার তামিমের ৪৬ ও লিটন দাসের ৭০ বলে ৫৩ রানের সুবাদে এবার বাংলাদেশ ২৩৪ রান করেছে।

তিনটি করে উইকেট পেয়েছেন আলজারি জোসেফ ও জেডান সিলস। দুটি করে উইকেট শিকার করেছেন অ্যান্ডারসন ফিলিক ও কাইল মায়ার্স।

বাংলাদেশ ইনিংসে সেন্ট লুসিয়ার মাঠকে বোলিংবান্ধব দেখা গেলেও ওয়েস্ট ইন্ডিজের ইনিংসে পাল্টে গেল দৃশ্যপট। এক মুহূর্তে ব্যাটিং

প্যারাডাইস হয়ে গেল উইকেট।

যে উইকেটে ধুঁকতে দেখা গেছে বাংলাদেশি ব্যাটারদের, সেই উইকেটেই ভয়ডরহীন ব্যাটিং করছেন ক্যারিবীয় দুই ওপেনার।

ব্যাট হাতে নেমেই মারকুটে চেহারায় হাজির হয়েছেন ক্যাবিরীয় দুই ওপেনার। প্রথম দিন শেষে ১৬ ওভারেই বিনা উইকেটে ৬৭ রান তুলে ফেলেছে ওয়েস্ট ইন্ডিজ, রানরেট ৪.১৮।

এই ১৬ ওভারেই পাঁচজন বোলার ব্যবহার করেন অধিনায়ক সাকিব আল হাসান। তাতে কোনো লাভ হয়নি।

ক্যারিবীয় অধিনায়ক ক্রেইগ ব্র্যাথওয়েট বাংলাদেশি ৩ পেসারকেই দারুণ সামলেছেন।

৫৫ বলে ৩৩ রান করে অপরাজিত থেকে মাঠ ছেড়েছেন তিনি। ওপর ওপেনার জন ক্যাম্পবেল ৪১ বলে অপরাজিত আছেন ৩২ রানে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ গাংনী উপজেলা চ্যাম্পিয়ন বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টে হেমায়েতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৪-১ গোলে হারিয়ে বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয় গাংনী উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।

অপরদিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টে মাইলমারী সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৪-০ গোলে হারিয়ে পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে

উপজেলা পর্যায়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা সহকারী শিক্ষা অফিসার সামসুজ্জোহার সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইনাল খেলায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজআমান খোকন।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেশ রঞ্জন রায়, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম ও সাবেক ছাত্রনেতা সাইফুজ্জামান শিপু প্রমুখ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ টূর্ণামেন্ট-২০২২ এর এবারের আসরের ম্যান অফ দ্যা নির্বাচিত হয়েছেন বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড় তানজিম হোসেন ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপের ম্যান অফ দ্যা টূর্ণামেন্ট নির্বাচিত হয়েছে পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড় ইসমোতার খাতুন।

ফাইনাল খেলায় বিজয়ী এবং রানার্স আপ দলের হাতে ট্রপি তুলে দেন প্রধান অতিথি মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। খেলায় উপস্থাপনায় ছিলেন গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

যে টুর্নামেন্টে ব্যাটার আউট হবেন কিনা নির্ধারণ করবে দর্শক

ভিন্ন স্বাদের ক্রিকেট নিয়ে হাজির হচ্ছে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ড।

বোর্ডের সঙ্গে সমন্বয় করে নতুন এক টুর্নামেন্টের ঘোষণা দিয়ে ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগ (সিপিএল) কর্তৃপক্ষ। দশ ওভারের টুর্নামেন্টটির নাম রাখা হয়েছে ‘সিক্সটি’। এতে থাকবে অদ্ভূত সব

নিয়ম।

তার মধ্যে একটি হলো – কোনো নির্দিষ্ট সময়ে ব্যাটার আউট হবেন কি না, সেটা নির্ধারণ করে দেবে দর্শক! এখানেই শেষ নয়। এমন আরও চার নিয়ম নিয়ে মাঠে গড়াতে চলেছে টুর্নামেন্টটি।

নিয়মগুলো হচ্ছে –

* ইনিংসপ্রতি ব্যাটিং দলের উইকেট থাকবে ছয়টি।

* প্রথম দুই ওভার থাকবে পাওয়ারপ্লে, তবে সেই দুই ওভারে দুই ছক্কা হাঁকালেই ব্যাটিং দল পাবে একটি ফ্লোটিং পাওয়ারপ্লে।

* সাধারণত ক্রিকেটে প্রতি ওভার শেষে প্রান্ত বদল করা হয়। দ্য সিক্সটিতে এই নিয়মটাও বদলে ফেলা হচ্ছে। এই টুর্নামেন্টে প্রথম পাঁচ ওভার করা হবে একই প্রান্ত থেকে, অন্য প্রান্ত থেকে শেষ করা হবে পরের পাঁচ ওভার।

*স্লো ওভার রেটের জরিমানাতেও নিয়মে পরিবর্তন আনা হয়েছে। যদি কোনো দল ৪৫ মিনিটে শেষ করতে না পারে তবে শেষ ওভারে এক ফিল্ডার কম নিয়ে খেলতে হবে। এটাই হচ্ছে শাস্তি।

সবচাইতে অভিনব নিয়মটি হচ্ছে – ব্যাটিং চলাকালে ব্যাটার পেতে পারেন ‘মিস্ট্রি ফ্রি হিট’, সেটা নির্ধারণ করে দেবেন দর্শকরা। অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত হবে বিষয়টি। সেটা হলে একটা নির্দিষ্ট বলে আউট হলেও বেঁচে যাবেন ব্যাটার।

সিপিএল কর্তৃপক্ষ, প্রতি তিন মাস অন্তর অন্তর এ অভিনব টুর্নামেন্ট আয়োজনের কথা ভাবছে।

আপাতত টুর্নামেন্টের প্রথম আসর মাঠে গড়াবে আগামী ২৪ থেকে ২৮ আগস্ট পর্যন্ত। সবগুলো খেলা হবে সেইন্ট কিটসে।

পুরুষ সিপিএলের ছয় দলের সঙ্গে নারী সিপিএলের তিন দলকে নিয়েই হবে সিক্সটির প্রথম আসর।

সিক্সটি টুর্নামেন্টের প্রথম আসরে শুভেচ্ছাদূত হিসেবে থাকছেন বিশ্ব ক্রিকেটে টি-টোয়েন্টির ইউনিভার্স বস ক্রিস গেইল।

তথ্যসূত্র: এনডিটিভি

[redacted]

[redacted]